বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, সদর দপ্তর
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.০৬.০০১৭.২৪.২৩৫

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: আগামী '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' ও ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে বেবিচক কর্তৃক প্রণীত কর্মসূচি প্রেরণ**

সূত্র: (ক) বেবিপমম এর স্মারক নং-৩০.০০.০০০০.০১১.২১.০০২.১৭-১৭৮, তারিখ: ১০ মার্চ ২০২৬
(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬-৫০, তারিখ: ০৩ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' ও ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে বেবিচক কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে কর্মসূচি: | | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ০১. | ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ তারিখ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) স্মৃতিচারণ ও আলোচনা সভা। | বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট বিমানবন্দর প্রধানগণ/অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |
| ০২. | ২৫-০৩-২০২৬ তারিখ বিশেষ মোনাজাত/প্রার্থনা। | বেবিচকের আওতাধীন সকল মসজিদে বাদ জোহর/সুবিধাজনক সময়ে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট বিমানবন্দর প্রধানগণ/মসজিদ পরিচালনা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক/ইমাম/পুরোহিত |
| ০৩. | ২৫-০৩-২০২৬ তারিখ রাত ১০.৩০ থেকে ১০.৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট। | সদরদপ্তর ও এর আশপাশের এলাকাসমূহে প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরী স্থাপনা ব্যতীত) বাস্তবায়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম সার্কেল)। |

| '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি: | | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ০১. | ২৬-০৩-২০২৬ তারিখ পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সিএএবি সদরদপ্তর ও বিমানবন্দরসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | দপ্তর প্রধানগণ/পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট বিমানবন্দর প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ০২. | ২৬-০৩-২০২৬ তারিখ মোনাজাত/প্রার্থনা সুবিধাজনক সময়ে। | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বেবিচকের আওতাভুক্ত সকল মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট বিমানবন্দর প্রধানগণ/ সভাপতি/সম্পাদক, মসজিদ পরিচালনা কমিটি/মন্দির পরিচালনা কমিটি, ইমাম/পুরোহিত। |
| ০৩. | ২৬-০৩-২০২৬ তারিখ সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ। | সিএএবি সদরদপ্তরের সড়কদ্বীপ রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ। | পরিচালক (প্রশাসন)। |
| ০৪. | ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন। | বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে<br>ক) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন;<br>খ) সুবিধাজনক সময়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে। | শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি/সংশ্লিষ্ট বিমানবন্দর প্রধানগণ/অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |

২.০ পরবর্তীতে সরকার কর্তৃক নতুন কোন কর্মসূচি প্রতিপালনের নির্দেশনা পাওয়া গেলে তা জানিয়ে দেওয়া হবে।

৩.০ বিষয়টি অতীব জরুরী।

১৬-০৩-২০২৬
আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী
উপসচিব ও পরিচালক (প্রশাসন)
ফোন : +৮৮০ ২ ৮৯০১৪১২
ইমেইল : dadmin@caab.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।।
২। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩। নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। পরিচালক/তত্ত্বধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।।
৬। পরিচালক (শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট/কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর, কক্সবাজার)।
৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
৮। অধ্যক্ষ, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, শাহীনবাগ, তেজগাঁও, ঢাকা।
৯। অধ্যক্ষ, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, কুর্মিটোলা, কাওলার, ঢাকা।
১০। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতি জন্য)।
১১। বিমানবন্দর ব্যবস্থাপক (সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী/যশোর বিমানবন্দর, যশোর/শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী/বরিশাল বিমানবন্দর, বরিশাল/কুমিল্লা বিমানবন্দর, কুমিল্লা/ঈশ্বরদী বিমানবন্দর, পাবনা)।
১২। ধর্মীয় প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক/ইমাম/পুরোহিত (সকল)...............।
১৩। প্রধান শিক্ষক, এয়ারপোর্ট উচ্চ বিদ্যালয়, সিলেট।

১৪। প্রধান শিক্ষক, বিমানবন্দর মাধ্যমিক বিদ্যালয়, যশোর।
১৫। প্রধান শিক্ষক, সিভিল এভিয়েশন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রাজশাহী এবং
১৬। অফিস কপি।